

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৩১.১৯.০৩৪.১৭-৯৯

তারিখঃ ১৯ -০২-২০১৯খ্রিঃ.

**বিষয়ঃ** বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন প্রেরণ।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের বাজেট অধিশাখার পত্র নং-৫১.০০.০০০০.২২০.২০.০২২.১৮ (অংশ-৩)-১৮ তারিখঃ ৩১-০১-২০১৯খ্রিঃ.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৮-২০১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভা গত ৩০ জানুয়ারী ২০১৯ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত মোতাবেক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা দ্রুত এবং নির্ধারিত সময়সীমার মধ্যে অর্জনের জন্য সংশ্লিষ্ট সকলকে মনোযোগী হবার নির্দেশ প্রদান করা হয়।

০২। এছাড়াও, প্রকল্প পরিচালক এবং জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তাগণকে চুক্তি বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ত্রৈমাসিক এবং ষান্মাসিক ভিত্তিতে নির্ধারিত সময়ের মধ্যে মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর বরাবর প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

০৩। এমতাবস্থায়, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক এর সাথে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির নির্ধারিত কার্যক্রম দ্রুত বাস্তবায়ন এবং চুক্তি বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন (ত্রৈমাসিক এবং ষান্মাসিক ভিত্তিতে) পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে এবং জুলাই ২০১৮ হতে ডিসেম্বর/২০১৮ পর্যন্ত ষান্মাসিক প্রতিবেদন ২০ ফেব্রুয়ারী ২০১৯ এর মধ্যে উপপরিচালক (প্রশমন) বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ ০৩ ফর্দ

প্রকল্প পরিচালক/ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা।



(আবু সৈয়দ মোহাম্মদ হাশিম)

মহাপরিচালক

(অতিরিক্ত সচিব)

ফোনঃ ৯৮৪১৫৮১

ই-মেইলঃ [dg@ddm.gov.bd](mailto:dg@ddm.gov.bd)

.....।

সদয় অবগতি/ কার্যার্থেঃ

১. সিনিয়র সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপসচিব (বাজেট) ও সদস্য সচিব এপিএ টিম, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।